# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের সময়

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

ছালাতের সময় সম্পর্কে অন্যান্য যঈফ ও জাল হাদীছ

ছালাতের সময় সম্পর্কে অন্যান্য যঈফ ও জাল হাদীছ :

عَنِ ابْنِ عُمَرَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ الْوَقْتُ الْأَوَّلُ مِنْ الصَّلَاةِ رِضْوَانُ اللهِ وَالْوَقْتُ الْآخِرُ عَفْوُ اللهِ.

ইবনু ওমর (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ছালাতের প্রথম ওয়াক্ত আল্লাহর সন্তুষ্টি আর শেষ ওয়াক্ত আল্লাহর ক্ষমা।[1]

তাহক্বীক্ব : বর্ণনাটি জাল।[2] এর সনদে ইয়াকুব বিন ওয়ালীদ মাদানী নামে একজন মিথ্যুক রাবী আছে।[3]

عَنْ إِبْرَاهِيْمَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ أَوَّلُ الْوَقْتِ رِضْوَانُ اللهِ وَوَسَطُ الْوَقْتِ رَحْمَةُ اللهِ وَآخِرُ الْوَقْتِ عَفْوُ اللهِ.

ইবরাহীম (রাঃ) রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, ছালাতের প্রথম ওয়াক্ত আল্লাহর সন্তুষ্টি, মধ্যম ওয়াক্ত আল্লাহর রহমত এবং শেষ ওয়াক্ত আল্লাহর ক্ষমা।[4]

তাহক্বীক্ব : বর্ণনাটি জাল।[5] এর সনদে ইয়াকুব বিন ওয়ালীদ মাদানী নামে একজন মিথ্যুক রাবী আছে।[6]

## ফুটনোট

[1]. তিরমিযী হা/১৭২, ১/৪৩ পৃঃ; ইরওয়াউল গালীল হা/২৫৯।

[2]. যঈফ তিরমিযী হা/১৭২; ইরওয়াউল গালীল হা/২৫৯; মিশকাত হা/৬০৬; বঙ্গানুবাদ মিশকাত হা/৫৫৮, ২য় খন্ড, পৃঃ ১৭৯।

[3]. তাহক্বীক্ব মিশকাত হা/৬০৬-এর টীকা দ্রঃ, ১/১৯২ পৃঃ।

[4]. দারাকুৎনী হা/২২।

[5]. ইরওয়াউল গালীল হা/২৬০; যঈফুল জামে‘ হা/২১৩১।

[6]. ইরওয়াউল গালীল হা/২৬০, ১/২৮৮ পৃঃ- هذا حديث يعرف بيعقوب بن الوليد المدني وهو منكر الحديث ضعفه يحيى بن معين وكذبه أحمد وسائر الحفاظ

Source — https://www.hadithbd.com/books/link/?id=1869

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন